

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.৩৩.০০১.২২.৩৫৫

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯

০৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ১ম কিস্তির অর্থ বরাদ্দ প্রদান।

২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দ থেকে নওগাঁ জেলার নিম্ন বর্ণিত প্রকল্প/ প্রতিষ্ঠানের নামের বিপরীতে উল্লিখিত পরিমাণ অর্থ শর্তসাপেক্ষে জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হল:

জেলা	ক্র: নং	উপজেলার নাম	প্রকল্প/প্রতিষ্ঠানের নাম ও বিবরণ	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
নওগাঁ	১	মান্দা	মান্দা উপজেলার নব নির্মিত ব্যায়ামাগারের টয়লেট নির্মাণ।	৮০০০০.০০(আশি হাজার) টাকা
	২	নিয়ামতপুর	তিলিহারী পাকার মাথা থেকে মুজিববর্ষের আশ্রয়ন প্রকল্প-২ রাস্তার ডাবল সলিং করণ (অংশ বিশেষ)।	১০০০০০.০০(এক লক্ষ) টাকা
	৩	সাপাহার	সাপাহার উপজেলার অফিসার্স ক্লাবের ওয়াশ ব্লক নির্মাণ।	৭৫০০০.০০(পঁচাত্তর হাজার) টাকা
	৪	নওগাঁ সদর	বোয়ালিয়া ইউপির সাহাপুর বাহার পট্টি আশ্রয়ন প্রকল্পের ড্রেন নির্মাণ।	১০০০০০.০০(এক লক্ষ) টাকা
	৫	ধামইরহাট	ধামইরহাট ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ।	৯০০০০.০০(নব্বই হাজার) টাকা
	৬	পোরশা	উপজেলা পরিষদ অফিসার্স ক্লাব উন্নয়ন ও সংস্কার।	৭৫০০০.০০(পঁচাত্তর হাজার) টাকা
	৭	আত্রাই	আত্রাই উপজেলা অফিসার্স ক্লাব উন্নয়ন।	৭৫০০০.০০(পঁচাত্তর হাজার) টাকা
	৮	রাণীনগর	রাণীনগর উপজেলার অফিসার্স ক্লাবের উন্নয়ন।	৭৫০০০.০০(পঁচাত্তর হাজার) টাকা
	৯	বদলগাছী	মুজিববর্ষে নির্মিত বিভিন্ন আশ্রয়ণে ডাষ্টবিন নির্মাণ।	৭৫০০০.০০(পঁচাত্তর হাজার) টাকা
	১০	মহাদেবপুর	উপজেলা পরিষদ চত্বরে টেনিস কোর্ট নির্মাণ।	৭৫০০০.০০(পঁচাত্তর হাজার) টাকা
	১১	বদলগাছী	কোলা ইউনিয়নের অন্তর্গত গয়ড়া-ঠেঁতুলিয়া জামে মসজিদের ওয়ুখানা ও সীমানা প্রাচীর নির্মাণ	৭০০০০.০০(সত্তর হাজার) টাকা
	১২	আত্রাই	ভবানীপুর নুনানীয়া হাফেজিয়া মাদ্রাসা ও এতিমখানার ছাদ নির্মাণ ও অন্যান্য কাজের উন্নয়ন/সংস্কার	১০০০০০.০০(এক লক্ষ) টাকা
	১৩	নওগাঁ সদর	কিষ্টীপুর ইউনিয়নের অন্তর্গত মাধাইনগর গ্রামের মাধাইনগর (পূর্বপাড়া) জামে মসজিদের টয়লেট ও ওয়ুখানা নির্মাণ	৫০০০০.০০(পঞ্চাশ হাজার) টাকা
			মোট	১০৪০০০০.০০(দশ লক্ষ চল্লিশ হাজার) টাকা

শর্তাবলী:

১. এ ব্যয় ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে।
২. ২০২২-২০২৩ অর্থবছরে ১ম কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
৩. এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান, টিআর নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৪. এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৫. প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা; প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।
৬. নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/ বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
৭. প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।
৮. বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
৯. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রকল্পে ইমাম/ পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে।
১০. বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করতে হবে এবং অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।
১১. গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে এবং প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
১২. নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।
১৩. কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/ বিধির আওতায় আনতে হবে।

২। এমতাবস্থায়, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অবহিত করণের জন্য অনুরোধ করা হল।



৪-৯-২০২২

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি

বিভাগীয় কমিশনার

ফোন: ০২৫৮৮৮৫৭২৩৩

ফ্যাক্স: ০২৫৮৮৮৫৭৫২৯

ইমেইল:

divcomrajshahi@mopa.gov.bd

জেলা প্রশাসক, নওগাঁ

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.৩৩.০০১.২২.৩৫৫/১

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯  
০৪ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি:

- ১) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, র, রাজশাহী
- ২) উপজেলা নির্বাহী অফিসার, মান্দা/ নিয়ামতপুর/ সাপাহার/ নওগাঁ সদর/ ধামইরহাট/ পোরশা/ আত্রাই/ রাণীনগর/ বদলগাছি/ মহাদেবপুর, নওগাঁ
- ৩) জেলা হিসাব রক্ষণ অফিসার, নওগাঁ
- ৪) উপজেলা হিসাব রক্ষণ অফিসার, মান্দা/ নিয়ামতপুর/ সাপাহার/ নওগাঁ সদর/ ধামইরহাট/ পোরশা/ আত্রাই/

রাণীনগর/ বদলগাছি/ মহাদেবপুর, নওগাঁ

৫) ....., .....



৪-৯-২০২২

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি  
বিভাগীয় কমিশনার